রামপালে সংখ্যালঘুর জমি দখল চেষ্টার অভিযোগ

রামপালে শশাঙ্ক কুমার পাল নামের এক সংখ্যালঘুর পৈত্রিক জমি দখল চেষ্টার অভিযোগ পাওয়া গেছে। এতে এলকাবাসির মাঝে ক্ষোভের সৃস্টি হয়েছে।

এলকাবাসি জানান, রামপাল উপজেলার গিলাতলা তালুকদার পাড়ার মৃত নওশের আলীর পুত্র তালুকদার আলতাফ হোসেন নিজের দোকান ঘর দাবি করে গিলাতলা মৌজার ১১০ খতিয়ানের ও এসএ ২৫৯ এর ১৪০৬ দাগের ২ শতক জমির মালিকানা নিয়ে বাগেহাটের বিজ্ঞ আদালতের একটি ১৪৪ ধারার আবেদন করেন। আদালত শান্তি বজায় রাখার স্বার্থে ওই জমির উপর ১৪৪ ধারা করেন এবং সংশ্লিষ্ট ভুমি কর্তৃপক্ষকে জায়গার যাবতীয় তথ্যাটি দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। স্থাণীয় বাঁশতলী ইউনিয়ন ভ‚মি সহকারি তহশীলদার স্বপন কুমার ওই জমির উপর উভয় পক্ষকে নোটিশ করেন এবং তদন্তের দিন ধার্য্য করেন। ধার্য্য তারিখের দিন সকালে তালুকদার আলতাফ হোসেন জমির উপরে থাকা দোকান ঘরের দুইটি তালা প্রকাশ্যে ভেঙ্গে ফেলেন।

স্থানীয় ইউপি সদস্য মল্লিক মিজানুর রহমান জানান, নিজে ১৪৪ ধারা ভঙ্গ করে দোকান ঘর দখলে দেখানোর জন্য আলতাফ হোসেন নিজেই প্রকাশ্যে তালা ভেঙ্গেছেন।

এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন তহশীলদার স্বপন কুমার জানান, শশাঙ্কের অন্য শরিকরা জমি বিক্রি করলেও তিনি ওখানে জমি পাবেন।

তালুকদার আলতাফ হোসেনের কাছে জানতে চাইলে তিনি তালা ভাঙ্গার অভিযোগ অস্বীকার করে বলেন, আমার জমি রাস্তার পাশে এবং শশাঙ্কের জমি রাস্তা পেছনে। তবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের দুই দফা সালিশের বিষয়টি স্বীকার করে বলেন, আমার প্রতি অবিচার করা হয়েছে যে কারনে আমি আদালতের স্বরনাপন্ন হয়েছি।
এ ব্যপারে ইউপি চেয়ারম্যান আলহাজ্ব শেখ মোহাম্মাদ আলীর কাছে জানতে চাইলে তিনি বলেন, আমি শান্তিপূর্ণভাবে মিমাংসা করে যার যার জমি বুঝিয়ে দিয়েছি। সে মোতাবেক তারা দুই পক্ষ ভোগদখলে আছেন।